

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা
শাখা-০৬ (ভোকেশনাল-০১)
ওয়েব সাইট : www. techedu.gov.bd
ই-মেইল : techedu09@gmail.com

স্মারক নং-৩৭.০৩.০০০০.০৪০.১৮.৩১২.১৬. ২৫৪২

তারিখ : ২৫/১১/২০১৬ খ্রিঃ

বিষয় : কারণ দর্শানো প্রসঙ্গে।


সূত্র : হোসেনাবাদ টেকনিক্যাল স্কুল ও কলেজ স্মারক নং-টিএসসি/হোসেনাবাদ/ব্যঃ নং-১৯২/৪২৮, তারিখ : ১০/১১/২০১৬


উপর্যুক্ত বিষয় ও সূত্রালোকে জানান যাচ্ছে যে, কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন হোসেনাবাদ টেকনিক্যাল স্কুল ও কলেজের অফিস সহকারী কাম ডাটা এন্ট্রি/কন্ট্রোল অপারেটর জনাব মোঃ সোহরাব হোসেন-কে প্রশাসনিক কারনে বরগুনা টেকনিক্যাল স্কুল ও কলেজে শূন্য পদে বদলী করা হয়। তিনি তাঁর দায়িত্ব (হিসাব রক্ষক) দায়িত্ব বুঝিয়ে না দিয়ে কর্মস্থল ত্যাগ করেন।

- ২। তাঁর উপর অর্পিত হিসাব রক্ষকের দায়িত্ব লাইব্রেরীয়ান জনাব মহাঃ খোরশেদ আলম-কে বুঝিয়ে দেয়ার নির্দেশ প্রদান করা হয়। তিনি ২০১৬-২০১৭ আর্থিক বছরের কিছু ফাইল পত্র ও বেতনাদি প্রদান সংক্রান্ত রেজিস্টার বুঝিয়ে দিয়ে প্রাক্তন অধ্যক্ষ(সাময়িক বরখাস্ত) জনাব মোঃ মোশারফ হোসেন ব্যতীত হিসাব শাখার দায়িত্ব বুঝিয়ে দেয়া সম্ভব নয় বলে আবেদনে উল্লেখ করেন।
- ৩। প্রাক্তন অধ্যক্ষ(সাময়িক বরখাস্ত) জনাব মোঃ মোশারফ হোসেন নিজেই হিসাব শাখার সকল কাজ করতেন ও হিসাব শাখার কোন নথিপত্র তাকে বুঝিয়ে দেন নি বলে আবেদনে উল্লেখ করেন এবং হিসাব শাখার দায়িত্ব বুঝিয়ে দিতে বেশ কিছুদিন সময়ের প্রয়োজন উল্লেখ করেন ও দায়িত্ব বুঝিয়ে না দিয়ে হিসাব শাখায় বর্ণিত তাঁর ব্যবহৃত আলমারী সিলগালা করে কর্মস্থল ত্যাগ করেছেন ফলে অফিসের কাজকর্ম বিঘ্নিত হচ্ছে মর্মে ভারপ্রাপ্ত অধ্যক্ষ জানিয়েছেন।
- ৪। তাঁর এরূপ কার্যকলাপ “উর্ধ্বতন কর্তৃপক্ষের বৈধ আদেশ অমান্যকরণ” ও “কর্তব্য কাজে চরম অবহেলা” এর শামিল- যা শাস্তিযোগ্য অপরাধ।

এমতাবস্থায়, কেন তাঁর বিরুদ্ধে সরকারী কর্মচারী শৃঙ্খলা(শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ২(এফ)(i) ও (ii) ধারা অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে না এবং একই বিধিমালার ৬(এ) অনুযায়ী বর্ণিত বিষয়ে তাকে পত্র প্রাপ্তির ৭ (সাত) কার্যদিবসের মধ্যে কারণ দর্শানোর জন্য নির্দেশ প্রদান করা হলো। জনস্বার্থে এ আদেশ জারী করা হলো।

বিষয়টি অতীব জরুরী।


২৫. ১১. ২০১৬
(মোঃ মিজানুর রহমান)
যুগ্ম-সচিব
পরিচালক(ভোকেশনাল)

কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।


জনাব মোঃ সোহরাব হোসেন
পিআইএমএস আইডি নং-৭১২৯১০০৩৫২
অফিস সহকারী কাম ডাটা এন্ট্রি/কন্ট্রোল অপারেটর
বরগুনা টেকনিক্যাল স্কুল ও কলেজ
বরগুনা।

কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। অধ্যক্ষ, বরগুনা টেকনিক্যাল স্কুল ও কলেজ, বরগুনা।
- ২। জনাব মোঃ মোশারফ হোসেন, অধ্যক্ষ(সাময়িক বরখাস্ত), হোসেনাবাদ টেকনিক্যাল স্কুল ও কলেজ, কুষ্টিয়া। (তাকে আগামী ৭ কার্যদিবসের মধ্যে দায়িত্ব বুঝিয়ে দেয়ার জন্য পুনরায় অনুরোধ করা হলো।)
- ৩। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (পত্রটি অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।